# সংবাদ

তারিখ ....28 MAY 2016...
পৃষ্ঠা ...১০... কলাম....৬.....


## না'গঞ্জে শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদে খাগড়াছড়িতে মানববন্ধন

**প্রতিনিধি, খাগড়াছড়ি**

নারায়ণগঞ্জে পিয়ার সাত্তার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছিত ও অপমানিত করার প্রতিবাদে সকালে খাগড়াছড়িতে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন সনাতন সমাজ কল্যাণ পরিষদ। সংগঠনের কেন্দ্রীয় কমিটির উদ্যোগে শহরের শাপলা চত্বরের মানববন্ধনে সনাতন ধর্মাবলম্বীরা ছাড়াও শিক্ষক, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অংশ নেন। সনাতন সমাজ কল্যাণ পরিষদের নেতা নির্মল কান্তি দাশের সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন পূজা উদযাপন পরিষদের সেক্রেটারি তরুন কুমার ভট্টাচায্য, জেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ওমর ফারুক, খাগড়াছড়ি প্রেসক্লাব সভাপতি জীতেন বড়ুয়া, বাজার ব্যবসায়ী সমিতির সেক্রেটারি চন্দ্র শেখর দাশ, শিক্ষক নেতা সুজিত বরণ বড়ুয়া প্রমূখ। কর্মসূচি থেকে অভিযুক্ত সংসদ সদস্য সেলিম ওসমানকে অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়েছে।